R. N. No 2532/57

Regd. No. C. 853

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

মণীন্দ্র সাইকেল ষ্টোরস্
রঘুনাথগঞ্জ
হেড অফিস—সদরঘাট *
ব্রাঞ্চ—ফুলতলা
বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস, ক্রয়ের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

৬০শ বর্ষ
২৫শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ৫ই অগ্রহায়ণ, বুধবার, ১৩৮০ সাল।
২১শে নভেম্বর, ১৯৭৩ সাল।

নগদ মূল্য : ১০ পয়সা
বার্ষিক ৫৲, সডাক ৬৲

বন্‌ধের দিন বাসুদেবপুরে জনতার উপর পুলিশের গুলি চালনা

২ জন নিহত, শতাধিক আহত, ৫০ জন গ্রেপ্তার

১৪৪ ধারা জারী

রঘুনাথগঞ্জ, ২০শে নভেম্বর—গত ১৭ই নভেম্বর বন্‌ধের দিন সামসেরগঞ্জ থানার বাসুদেবপুরে পুলিশ গুলি চালালে দুইজন নিহত এবং শতাধিক আহত হয়েছে বলে সরকারী সূত্রে খবর পাওয়া গিয়েছে।

প্রকাশ হাওড়াগামী কামরূপ এক্সপ্রেস ট্রেণটি বেলা ৯-৩০ মিঃ নাগাদ ধুলিয়ান ও নিমতিতা ষ্টেশনের মাঝে বাসুদেবপুর লেভেলক্রসিং-এর কাছে এলে বন্‌ধ সমর্থক একদল জনতা ট্রেণটি আটক করে। খবর পেয়ে ধুলিয়ান থেকে ১০ জন ছাত্রপরিষদ কর্মী ট্রাকযোগে ঘটনাস্থলের দিকে এগিয়ে যাবার সময় একদল বামপন্থী সমর্থকের কাছে কাঁকুড়িয়া হাই স্কুলের নিকট বাধা পায়। ছাত্রপরিষদের কর্মীরা বামপন্থীদের লক্ষ্য করে ৮।১০টি বোমা নিক্ষেপ করে কিন্তু ২টির বেশী ফাটে না। বামপন্থীরা পাল্টা বোমা নিক্ষেপ করলে ট্রাকের চাকা ফেটে যায়। সেই সময় দুই পক্ষের মধ্যে পাথর ছোড়াছুড়ি চলে। পাথরের আঘাতে ছাত্রপরিষদের সক্রিয় কর্মী রাধেশ্যাম ঘোষ, মহম্মদ সানাউল্লা সহ কয়েকজন আহত হয়। শ্রীঘোষকে আশংকাজনক অবস্থায় জঙ্গিপুর সদর হাসপাতালে ভর্তি করা হয়। বেলা তিনটে নাগাদ পুলিশ বাসুদেবপুরে উপস্থিত হয় এবং ট্রেণ অবরোধকারীদের উপর লাঠি ও কয়েক রাউণ্ড কাঁদানে গ্যাস ছোড়ে। অবরোধকারীদের ঢিলের আঘাতে একজন পুলিশ অফিসারসহ কয়েকজন পুলিশ আহত হন। এর পরও অবস্থা আয়ত্তে না আসায় পুলিশ জনতার উপর কয়েক রাউণ্ড গুলি চালায়। ফলে ঘটনাস্থলে অর্জ্জুন সরকার ও এবাদত সেখের মৃত্যু ঘটে এবং শতাধিক জনতা আহত হয়। বিকেল চারটে নাগাদ লাইন থেকে অবরোধ সরে যায় এবং কামরূপ এক্সপ্রেস চলতে শুরু করে। সন্ধ্যা ছয়টা থেকে ঘটনাস্থলে কারফিউ জারী করা হয়। ছাত্রপরিষদের জীপ ভস্মীভূত বা কর্মী ছুরিকাঘাতের কোন সংবাদ আমরা পাইনি। এ ব্যাপারে পুলিশ এখন পর্যন্ত পঞ্চাশজনকে গ্রেপ্তার করেছে।

ঐ দিন রঘুনাথগঞ্জ—জঙ্গিপুর শহরে খুব কম দোকানপাট খোলা ছিল। এছাড়া বাজার, যানবাহন, সিনেমা, দুটি পোষ্ট অফিস, স্কুল-কলেজ, পৌর অফিস বন্ধ ছিল। সরকারী অফিসগুলি খোলা থাকলেও অনেক অফিসে

—শেষ পৃষ্ঠায় দেখুন

চলতি মরশুমে মুর্শিদাবাদ জেলায় ন্যূনতম ১০ হাজার মেট্রিক টন চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা স্থির

(নিজস্ব প্রতিনিধি)

বহরমপুর, ১৫ই নভেম্বর—মুর্শিদাবাদের জেলা-শাসক শ্রীরথীন দে আজ এক বৈঠকে সাংবাদিকদের জানিয়েছেন, চলতি মরশুমে জেলায় ন্যূনতম ১০ হাজার মেট্রিক টন চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে। তার মধ্যে পাঁচ হাজার মেট্রিক টন দেবেন চালকল মালিকেরা এবং অবশিষ্ট পাঁচ হাজার মেট্রিক টন চাল সংগ্রহ করা হবে লেভি ও ডি, পি এজেন্ট মারফৎ। চালকল মালিকদের উৎপাদিত চালের ৬০% শতাংশ বিক্রী করতে হবে এফ, সি, আইকে এবং ৪০% শতাংশ লেভিমুক্ত চাল বিক্রীর দাম বেঁধে দেওয়া হবে ও কিভাবে বিক্রী করতে হবে তা স্থির করে দেবেন জেলা কর্তৃপক্ষ। গত বৎসর চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা ছিল এক হাজার মেট্রিক টন এবং সংগৃহীত হয়েছিল ৮০% শতাংশ। গত বৎসরের মত একই পদ্ধতিতে এবার চাল সংগ্রহ চলবে। চাষীরা ৭৩ টাকা কুইণ্টাল দরে মাঝারি ধান ডি, পি এজেন্টকে বিক্রী করতে পারবেন। শ্রীদে আরও জানান, কান্দী মহকুমায় কর্ডনিং ব্যবস্থা জোরদার করা হয়েছে। তবে সাগরদীঘি ও নবগ্রাম এলাকা থেকে শহরাঞ্চলে চালধান আসলে বাধা দেওয়া হবে না। ১লা নভেম্বর থেকে কান্দী মহকুমায় ২৩টি ষ্ট্যাটিক এবং ১২টি মোবাইল চেকপোষ্ট মোট ৩৫টি কর্ডন করা হয়েছে। এই সংখ্যা গতবারের তুলনায় পাঁচটি বেশী। এবার পুলিশ এবং থানার ও, সি-দের দায়িত্ব দেওয়া হয়েছে বেশী। কর্ডনিং ব্যবস্থা চালু হবার পর কান্দীর গ্রামাঞ্চলে ধান চালের দাম কমেছে। ধান গড়ে ৯০ টাকা কুইণ্টাল এবং চাল প্রতি কিলো ১-৬০ পয়সা থেকে ১-৭৫ পয়সা দরে বিক্রী হচ্ছে।

তিনি আরও জানান, মাত্র ১৫ দিনে ৬০০ কুইণ্টাল ধান চাল আটক করা হয়েছে, ৯৮ জন অভিযুক্ত হয়েছে এবং ৫৭টি মামলা চালু করা হয়েছে। তিনজন বে আইনী কারবারীকে মিসায় গ্রেপ্তার করা হয়েছে এবং লাইসেন্স নাই এমন পাঁচটি হাস্কিং মেসিনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। কান্দীতে ৪৯ জন সহ জেলায় মোট ৮৯ জন ডি, পি এজেন্ট নিয়োগ করা হয়েছে। এবার জেলায় ৪ লক্ষ ২৫ হাজার একর জমিতে আমন ধানের চাষ হয়েছে এবং ২ লক্ষ ২০ হাজার মেট্রিক টন ফসল উৎপন্ন হবে বলে আশা করা হচ্ছে। লেভিরোল এখনও আসেনি, আজ পর্যন্ত মাত্র ২০ মেট্রিক টন চাল সংগ্রহ করা হয়েছে।

ফোন—অরঙ্গাবাদ—৩২
মৃণালিনী বিড়ি ম্যানুফ্যাকচারিং কোং (প্রাঃ) লিঃ
হেড অফিস—অরঙ্গাবাদ (মুর্শিদাবাদ)
রেজিঃ অফিস—২/এ, রামজী দাস জেঠীয়া লেন, কলিকাতা-৭

সবুজ বিপ্লবের শরিক হ'তে রাসায়নিক সার
ব্যবহার করুন
এফ, সি, আই-এর অনুমোদিত এজেন্ট
ক্ষুদিরাম সাহা চারুচন্দ্র সাহা
(জেনারেল মার্চেন্টস্ এণ্ড অর্ডার সাপ্লায়ার্স)
পোঃ ধুলিয়ান, (মুর্শিদাবাদ)

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ

৫ই অগ্রহায়ণ, বুধবার সন ১৩৮০ সাল।

॥ পরীক্ষা ডিসেম্বরে ॥

অতি সম্প্রতি কোন কোন সংবাদপত্রে মাধ্যমিক বিদ্যালয়ের বাৎসরিক পরীক্ষা নভেম্বর হইতে শুরু না করিয়া ডিসেম্বরে গ্রহণ করিবার কথা রাজ্য শিক্ষাধিকার হইতে বলা হইয়াছে। এই মর্মে একটি সংবাদও প্রকাশিত হইয়াছে। বিষয়টিকে কোন কোন দৈনিক সহযোগী স্বাগত জানাইয়াছেন। মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণ নাকি প্রচুর ছুটি পান, অধ্যাপনার কাজ কম হয়, না পড়াইয়া ছাত্র-বেতন আদায় করা হয় প্রভৃতির উল্লেখ করা হইয়াছে।

পরীক্ষা যখনই গ্রহণ করিবার কথা বলা হউক না কেন, তাহাতে কোন কথা থাকে না যদি সেই ফরমান যথাসময়ে বিদ্যালয়সমূহে যায়। শিক্ষা-বিভাগের এই মর্মে সার্কুলার যদি সময়মত না যায়, তবে সে নির্দেশ মানিয়া চলা কী প্রকারে সম্ভব? যে সমস্ত বিদ্যালয়ে নভেম্বরে পরীক্ষা গৃহীত হইবে বলিয়া স্থির হইয়া আছে এবং তদনুযায়ী যাবতীয় প্রস্তুতি চলিয়াছে, সেখানে হঠাৎ সরকারী নির্দেশ আসিলে অনেক অসুবিধা ঘটিবে। ছাত্রদেরও পরীক্ষা বিষয়ে একটা মানসিক প্রস্তুতি আছে; মাঝপথে তাহা বন্ধ করিয়া অধ্যয়ন ও অধ্যাপনা চলিতে পারে না। সুখের কথা, শিক্ষক সমিতি-গুলির কয়েকটি এই নির্দেশদান অত্যন্ত বিলম্বে দেওয়া হইয়াছে বলিয়া মন্তব্য করিয়াছেন এবং ইহা বর্ত্তমান বৎসরে প্রত্যাহার করার জন্য শিক্ষাধিকারকে অনুরোধ জানাইয়াছেন।

পরীক্ষা গ্রহণ, খাতা দেখা, ফল প্রকাশ করা প্রভৃতি কাজে, বিশেষতঃ বাৎসরিক পরীক্ষার, যতটুকু সময় ব্যয়িত হয়, তাহা না পড়াইয়া ছাত্র-বেতন আদায়ের পর্যায় বিবেচনায় যদি সমালোচ্য হইয়া পড়ে, তবে কলেজের দিকে একবার দৃষ্টি দিলে ভাল হয়। প্রি-ইউ কোর্সের পড়া শুরু নভেম্বর হইতে; কিন্তু টাকা-পয়সা আদায় হয় কলেজ সেসন জুন হইতে। মাধ্যমিক বিদ্যালয়ের ক্ষেত্রে এমনটি নিশ্চয়ই হয় না। এই বৈষম্যমূলক মনোভাব থাকিবে কেন?

আজ কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পরিচালনায় এম-এ পরীক্ষা কত বকেয়া পড়িয়া আছে। মেডিকেল পরীক্ষা ঝুলিতেছে। এইগুলির সমাধান কবে হইবে? রাজ্যের বেকার সৃষ্টি যেন আরও বিলম্বিত হয়, ইহা তাহারই প্রয়াস কি না কে জানে। রাজ্য শিক্ষাধিকার এই সম্পর্কে কিছু করুন, জনগণের এই অনুরোধ। রাজ্যের শিক্ষা-ব্যবস্থা ও শিক্ষার ধারা নানা পরীক্ষা-নিরীক্ষার মধ্য দিয়া চলিয়াছে। সুষ্ঠু চিন্তাধারা শিক্ষাক্ষেত্র হইতে নির্বাসিত। বাঙ্গালীর মনীষা বিকাশের পথে আজ বহু অন্তরায়। আগামী বৎসর হইতে মাধ্যমিক শিক্ষাব্যবস্থা নূতন মোড় লইতেছে। ইহাতেও আশার আলো নয়, গভীর নৈরাশ্যের দিক আছে। ইহার আলোচনা আমরা পূর্বে করিয়াছি। পরীক্ষা যখনই গৃহীত হউক, এই রাজ্যের শিক্ষার মান যে তুলনায় অনেক নিম্নে, তাহা শুধরাইবে কি প্রকারে?

॥ গণতন্ত্র ও সংবাদপত্র ॥

গণতন্ত্রে সংবাদপত্র তথা সাংবাদিকতাকে পঞ্চম শক্তিরূপে গণ্য করা হয়। অর্থাৎ সংবাদপত্রগুলি স্বাধীনভাবে সংবাদপরিবেষণ ও সুচিন্তিত পক্ষপাত-শূন্য সম্পাদকীয় স্তম্ভ রচনা করিয়া দেশের জনগণের আশা-আকাঙ্ক্ষা মূর্ত করিয়া তুলিতে পারে এবং গণতন্ত্রের সুষ্ঠু পরিচালনার জন্য যাহা একান্ত অপরিহার্য, সেই জনমত গঠনে সক্রিয় ভূমিকা গ্রহণ করিয়া থাকে। এইজন্য সংবাদপত্রগুলির গুরুদায়িত্ব এবং অপ্রতিহত মর্যাদা স্বীকৃত হইয়া থাকে।

কিন্তু বর্তমানে দেখা যাইতেছে, সরকার অন্যান্য বিষয় ছাড়াও সংবাদপত্র মুদ্রণের কাগজ নিউজ-প্রিন্টের কোটা কাটছাঁট করিয়া সংবাদপত্র তথা সাংবাদিকতার ক্ষেত্রে আর একটি অসুবিধার সৃষ্টি করিতেছেন। আমাদের বক্তব্য নিউজপ্রিন্ট উৎপাদন বৃদ্ধি করিয়া তাহার সরবরাহ অব্যাহত রাখা হউক এবং নিউজপ্রিন্ট বিতরণের ব্যাপারে নূতন দৃষ্টিভঙ্গী গ্রহণ করা হউক।

সরকার হইতে যে সব বড় সংবাদপত্র নিউজ-প্রিন্টের সিংহভাগ পাইয়া থাকেন, তাঁহাদের পত্রে গ্রামবাংলার সংবাদ প্রায় অবহেলিত এবং সেখানে চোখ-ধাঁধান বিজ্ঞাপনের প্রচণ্ড প্রতাপ। অথচ মফঃস্বলের প্রতিষ্ঠিত কাগজগুলি যাহারা দেশের নাড়ীর সঙ্গে যোগ রাখিয়া দেশের বিশাল অংশের আশা-আকাঙ্ক্ষাকে বাণীরূপ দিতেছে, তাহারা নিউজপ্রিন্টের কোটা হইতে বঞ্চিত।

সরকারের এই বিষয়ে নূতন দৃষ্টিভঙ্গী লইয়া অগ্রসর হওয়ার প্রয়োজন আছে।

—সকল প্রকার ঔষধের জন্য—
নির্ণয় ও নিরাময়
রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ

হর্ষবর্দ্ধন

—শ্রীবাতুল

চীন প্রধান মন্ত্রী চৌ এন লাই সাংবাদিকদের নাকি জানিয়েছেন যে, আমেরিকা তাইওয়ানের সঙ্গে সম্পর্ক চ্ছেদ না করলে তিনি সেখানে যাবেন না।

— তাই ওয়ান শুড বি আউষ্টেড ফর এ্যানাদার
—'পরীতির এই ত রীতি'।

* * *

সংবাদে প্রকাশ, রাজ্য সরকার নিজস্ব খাদ্য করপোরেশন গঠনে কেন্দ্রের অনুমতি প্রার্থী।

—খাদ্য করপোরেশন আর কর পরশন, ফল: 'পরেশান'।

* * *

প্রধান মন্ত্রীর মতে বন্‌ধের ফলে জিনিসের দাম বাড়ে।

—তবু বাঁচিতেছি মোরা 'বিধির আশিসে অমৃতের টিকা পরি'।

* * *

১৭ই নভেম্বরের বন্‌ধে উল্লাসোক্তি: 'একদম বন্‌ধ'।

— এই দম-বন্‌ধই একমাত্র কাম্য যে যাই বলুন।

* * *

ছাত্র পরিষদ ও যুব কংগ্রেসের মধ্যে সি আই-এ ও কে-জি-বি গদার আস্ফালনকে একটি দৈনিক সহযোগী 'মুষল পর্বের সূচনা' বলে মন্তব্য করেছেন।

—এধারে সংগঠন ও শাসক কংগ্রেসের কুশলপর্ব।

* * *

'খাদ্যমন্ত্রী যত্রতত্র যা খুশি বলছেন—যুব কংগ্রেসের অভিযোগ'—সংবাদের শিরোনাম।

—যা পাচ্ছে-মুখে-দিয়ে-পেটে-চালান-করার রাজত্বে যা খুশি বলায় দোষ কী?

দুঃখুলাল নিবারণচন্দ্র কলেজ
অরঙ্গাবাদ ঃ মুর্শিদাবাদ

ভাগীরথী তীরবর্তী মনোরম প্রাকৃতিক পরিবেশে নির্মিত সুদৃশ্য কলেজ ভবন। প্রাক্ বিশ্ববিদ্যালয়, কলা, বাণিজ্য ও স্নাতক শ্রেণীতে ভর্তি চলছে। দিবা বিভাগে সহ শিক্ষা সহ ইতিহাস, দর্শনশাস্ত্র, অর্থনীতি ও রাষ্ট্রবিজ্ঞান পড়ানো হয়। রাষ্ট্রবিজ্ঞানে অনার্স আছে। নৈশ বিভাগে বাণিজ্যে এ্যাকাউন্টে-ন্সিতে অনার্স আছে। ছাত্রাবাসের সুবিধা আছে। অভিজ্ঞ অধ্যাপকমণ্ডলী এবং প্রতিটি বিষয়ে টিউটোরিয়াল ক্লাশের ব্যবস্থা আছে। ভর্তির জন্যে সত্বর আবেদন করুন।

—অধ্যক্ষ

ভিন্ন চোখে ॥

একটি কর্মহীন দিনের দর্শন

সরকারের দর্পিত ঘোষণা সত্ত্বেও এই শহরের জনজীবনের চাকা ঘোরেনি। বাস চলেনি। রিক্সাওয়ালা প্যাডেল করেনি। বাজারে পশারী পশার নিয়ে বসেনি। দোকানদার দরজার তালা খোলেনি। ইস্কুল-কলেজে পড়ুয়ারা উপস্থিত হয়নি। মোদ্দা কথা, সরকারী অফিস-আদালত ছাড়া সবারই দরজার ঝাঁপ বন্ধ ছিল। আর সত্যানন্দ, সরকারী কর্মচারী না হওয়ায় একটি কর্মহীন দিন কাটিয়েছে। তবে, বিশ্বাস করুন, আমারও অফিস ছিল। আর সেখানে দশটার হাজিরীও ছিল। তাই গুটিসুটি ভদ্রলোক হয়ে যথাসময়ে পান চিবোতে চিবোতে বেরিয়েছিলাম। কিন্তু ফুলতলার মোড় থেকেই এ্যাবাউট টার্ণ। তাই সারাদিন ইতি-উতি ঘুরেছি। যেন হলিডে মুডে পাওয়া শহরটাকে দেখেছি।

রাস্তায় ইস্কুল ফেরত ছেলের দল রবারের বল নিয়ে বালকসুলভ চপলতা ও চাঞ্চল্যে মুখর। হৈমন্তিক আকাশে মেঘ রৌদ্রের লুকোচুরি। মাঝে মাঝে আর্ম পুলিশের জিপ শিহরণ জাগিয়েছে মনে। একটি ভ্যানে একদল তরুণকে গাদাগাদি করে বন্দী অবস্থায় নিয়ে যেতে দেখেছি। ওদের মুখে 'ইনকিলাব—জিন্দাবাদ' ধ্বনি নিশ্চুপ শহরকে মুখর করে তুলেছে। ভাবছিলাম, 'নয়া সমাজতন্ত্রী' সরকার বুঝি সমাজতন্ত্রের পথকে এম্নি করেই মুক্ত করছেন। জানিনা, ওদের জ্যোতি বসু আর যতীনবাবুদের মতন রসোগোল্লা-সিঙ্গাড়া খেতে দেওয়া হবে কিনা। কিন্তু সাধারণ মেহনতি মানুষ এখন পেটে কিল মেরে শেষ ডাক ছাড়ছে।

মাফ করবেন, নব্য যুবদাদারা আর সমাজতান্ত্রিক বেসাতির ঝানু ম্যাগনেট্‌রা—সত্যানন্দ নেহাৎই কমনম্যান। পলিটিক্‌সের পলিটব্যুরোর বিন্দুমাত্র ধার ধারে না। কিন্তু আজকের এই কর্মহীন দিনের শেষে পড়ন্ত সূর্যের সোনালী আলোয় অগণিত ভুখা মানুষের মিছিলের সামনে দাঁড়িয়ে আগামীর বজ্র শপথকে লক্ষ্য করেছি। কে যেন বুকের মাঝে ফিসফিসিয়ে বলছে; ঐ দেখ অশনি সংকেত। সামনে আজ বাঁচার লড়াই॥ —**সত্যানন্দ**

ভ্রম সংশোধন: আমরা অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, গত সংখ্যায় বর্তমান 'ভিন্ন চোখে' শীর্ষক ফিচারটি মুদ্রণপ্রমাদবশতঃ 'অন্য মনে' ছাপা হয়েছিল। —সম্পাদক, জঃ সঃ

জাতীয় বৃত্তি লাভ

মির্জাপুর, ১৭ই নভেম্বর—১৯৭৩ সালের গ্রাম্য ছাত্রদের জাতীয় বৃত্তি পরীক্ষায় (নবম শ্রেণীর ছাত্রদের জন্য) মুর্শিদাবাদ জেলার ছাত্ররা রাজ্যের অন্যান্য জেলা অপেক্ষা বেশী সংখ্যক পুরস্কার লাভ করেছে। জঙ্গিপুর মহকুমার মির্জাপুর দ্বিজপদ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের কৃষ্ণচন্দ্র ভাস্কর, সাগরদীঘি এস, এন, উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের মহঃ সাজ্জাদ হোসেন ও সেখদীঘি হাই স্কুলের মনিরুল ইসলাম এই বৃত্তি পেয়েছে। এরা প্রত্যেকে বছরে পাঁচশ' টাকা হিসাবে তিন বছর পাবে।

সরকারী বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে মুর্শিদাবাদ জেলার ভূমিসংস্কার বিভাগের জঙ্গিপুর মহকুমার কর্ত্তৃত্বাধীন খেয়াঘাট/খুটাগাড়ী/হাটবাজার সমূহ আগামী বাংলা ১৩৮১ সালের জন্য এক বৎসরের মেয়াদে প্রকাশ্য নিলাম ডাকে গভর্ণমেণ্ট এষ্টেট ম্যানুয়ালের ৭৫ নিয়মাবলীতে উল্লিখিত উপযুক্ত কর্ত্তৃপক্ষের মঞ্জুরী সাপেক্ষে বন্দোবস্ত দেওয়া হইবে। নিলাম ডাকের তারিখ, সময় ও স্থান নিম্নে উল্লেখ করা হইল।

ক্রমিক নং	বিবরণ	নিলাম ডাকের স্থান	নিলাম ডাকের তারিখ ও সময়
১	রঘুনাথগঞ্জ ১নং জে, এল, আর, ও অফিসের অধীন ঘাট/খুটাগাড়ী সমূহ	রঘুনাথগঞ্জ ১নং জে, এল, আর, ও অফিস প্রাঙ্গণ	৪/১২/৭৩ বেলা ১১টা হইতে
২	রঘুনাথগঞ্জ ২নং জে, এল, আর, ও অফিসের অধীন ঘাট/খুটাগাড়ী সমূহ	রঘুনাথগঞ্জ ২নং জে, এল, আর, ও অফিস প্রাঙ্গণ	৮/১২/৭৩ বেলা ১১টা হইতে
৩	সাগরদীঘি, জে, এল, আর, ও অফিসের অধীন ঘাটসমূহ	সাগরদীঘি জে, এল, আর, ও অফিস প্রাঙ্গণ	৬/১২/৭৩ বেলা ১১টা হইতে
৪	সুতী ১নং জে, এল, আর, ও অফিসের অধীন ঘাট/খুটাগাড়ী সমূহ	সুতী ১নং জে, এল, আর, ও অফিস প্রাঙ্গণ	১১/১২/৭৩ বেলা ১১টা হইতে
৫	সুতী ২নং জে, এল, আর, ও অফিসের অধীন ঘাট/খুটাগাড়ী সমূহ	সুতী ২নং জে, এল, আর, ও অফিস প্রাঙ্গণ	১৭/১২/৭৩ বেলা ১১টা হইতে
৬	ফরাক্কা জে, এল, আর, ও অফিসের অধীন ঘাট/খুটাগাড়ী সমূহ	ফরাক্কা জে, এল, আর, ও অফিস প্রাঙ্গণ	১৩/১২/৭৩ বেলা ১১টা হইতে
৭	ধুলিয়ান জে, এল, আর, ও অফিসের অধীন ঘাট/খুটাগাড়ী সমূহ	ধুলিয়ান জে, এল, আর ও অফিস প্রাঙ্গণ	১৯/১২/৭৩ বেলা ১১টা হইতে

১৪/১১/৭৩

স্বাঃ—
মহকুমা ভূমিসংস্কার আধিকারিক
জঙ্গিপুর মহকুমা।

মুর্শিদাবাদ জেলা তথ্য ও জনসংযোগ বিভাগ হইতে প্রচারিত।
মেমো নং ৮০৪ ইনফ/এম, ১৫/১১/৭৩

টেণ্ডার

মুর্শিদাবাদ জিলা পরিবার কল্যাণ পরিকল্পনা পশ্চিমবঙ্গ সরকারের একটি সংস্থা

পরিবার কল্যাণ পরিকল্পনা কর্ম্মসূচী (প্রোগ্রাম) ভিত্তিক দেয়াল রং করণ ও পুনর্লিখন/মুদ্রণ কার্য্যের জন্য প্রতি বর্গমিটার রংকরণ ও পুনর্লিখন হার উল্লেখে অভিজ্ঞ ব্যক্তিদের নিকট হইতে সীল করা খামে টেণ্ডার আহ্বান করা যাইতেছে। কার্য্যটি আগামী ২৮শে ডিসেম্বর ৭৩ মধ্যে সমাপ্ত করিতে হইবে। টেণ্ডার দাখিলের শেষ তারিখ ২৬শে নভেম্বর ৭৩, ৫টা পর্য্যন্ত ধার্য্য হইয়াছে এবং ১লা ডিসেম্বর ৭৩, ২টায় খোলা হইবে। টেণ্ডারদাতাগণ উক্তদিন উপস্থিত থাকিতে পারেন। কার্য্যের জন্য তিন বৎসরের গ্যারান্টি দিতে হইবে এবং আই, সি, আই প্ল্যাষ্টিক পেইনটিং দ্বারা ডবল কোটিং করিতে হইবে।

বিস্তারিত বিবরণের জন্য কাজের দিন অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর অফিসে দয়া করিয়া যোগাযোগ করিতে বলা হইতেছে।

স্বাক্ষর—শ্রীসত্যনারায়ণ সিন্‌হা,
জিলা পরিবার কল্যাণ আধিকারিক,
মুর্শিদাবাদ

[জেলা তথ্য ও জনসংযোগ অফিস, মুর্শিদাবাদ]
মেমো নং ৮০৩(৫) ইনফ/এম, তাং ১৫/১১/৭৩

বাসুদেবপুরে পুলিশী অত্যাচারের বিচার-বিভাগীয় তদন্তের দাবী

জঙ্গিপুর, ২০শে নভেম্বর—আজ আর, এস, পি-র পরিচালনায় সর্বশ্রী অমল রায়, শিষ মহম্মদ এম, এল, এ, সাদেক হোসেন, অমল কর্মকার, রামকুমার সেন, নিজাম সেখ, শচীন সেন, জাগ্রত রায় প্রমুখের নেতৃত্বে প্রায় বিশ জন কর্মীর এক প্রতিনিধিদল জঙ্গিপুরের মহকুমা শাসকের সমীপে গত ১৭ই নভেম্বর বাসুদেবপুরে নিরীহ-নিরস্ত্র জনতার উপর পুলিশের নির্মম গুলি চালনার তীব্র প্রতিবাদ করেন এবং বিচার-বিভাগীয় তদন্ত দাবী করেন। প্রতিনিধিদল সমগ্র মহকুমা থেকে অবিলম্বে ১৪৪ ধারা প্রত্যাহার, ১৭ই নভেম্বর থেকে আজ পর্য্যন্ত কংগ্রেস ও ছাত্রপরিষদের নির্দেশে বাসুদেবপুর, সুতী, সমসেরগঞ্জ থানার বিভিন্ন এলাকায় যে পুলিশী অত্যাচার চলছে তা বন্ধ করার এবং সমস্ত ধৃত ব্যক্তিদের মুক্তি দাবী করেন।

কৃষিমন্ত্রী আহত ছাত্রকর্মীকে দেখে গেলেন

রঘুনাথগঞ্জ, ১৯শে নভেম্বর—রাজ্যের কৃষিমন্ত্রী শ্রীআবদুস সাত্তার গতকাল মহকুমা হাসপাতালে এসে আহত ছাত্রকর্মী শ্রীরাধেশ্যাম ঘোষকে দেখে যান। তাঁর সঙ্গে ছিলেন ডাঃ আজিজুর রহমান ও শ্রীসুব্রত সাহা। আজ সুদীপ ব্যানার্জীও দেখতে এসেছিলেন।

বন্‌ধের দিন কাঁকুড়িয়ায় শ্রীঘোষসহ কয়েকজনের উপর বামপন্থীদের আক্রমণের প্রতিবাদে ছাত্রপরিষদের ডাকে আজ শহরের স্কুল-কলেজে ধর্মঘট পালন করা হয়।

বিজ্ঞপ্তি

চৌকি জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত

মোঃ নং ১৩।৭২ মনি

বাদী—সত্যনারায়ণ সিংহ বঃ বিবাদী—সত্যজিৎ রায়

এতদ্দ্বারা বিবাদীকে জানান যাইতেছে যে, উপরোক্ত নং মোকর্দ্দমায় বাদী পক্ষ বিবাদী পক্ষের বিরুদ্ধে হাওলাতি টাকা আদায় বাবত ৭০০ সাত শত টাকা আদায়ের জন্য মোকর্দ্দমা দায়ের করিয়াছেন। উক্ত মোকর্দ্দমার বিরুদ্ধে বিবাদী পক্ষের কোন আপত্তি থাকিলে তাহা ৬।১২।৭৩ তাং মধ্যে বিবাদী স্বয়ং অথবা ক্ষমতাপ্রাপ্ত উকিল দ্বারা অত্রাদালতে উপস্থিত হইয়া কারণ দর্শাইবেন। তদন্যথায় এক তরফা শুনানী হইবে। দেওয়ানী কার্য্যবিধি আইনের অর্ডার ৫ রুল ২০ বিধান মতে এই বিজ্ঞপ্তি প্রকাশ করা হইল।

By Order of the Court
Sd/- B. Lala, Sheristadar,
1st. Munsif's Court, Jangipur.

বাসুদেবপুর পরিদর্শন

জঙ্গিপুর, ২০শে নভেম্বর—আজ সুতী থানার এম, এল, এ শিষ মহম্মদ, বিপ্লবী যুব-সংস্থার পশ্চিমবঙ্গ রাজ্য কমিটির সম্পাদক প্রণব মুখার্জী, বিপ্লবী যুব-সংস্থার মুর্শিদাবাদ জেলা কমিটির সম্পাদক অমল কর্মকার, মহকুমার শিক্ষক-নেতা সাদেক হোসেন, সুতী থানার আর, এস, পি সম্পাদক সেখ নিজামুদ্দিনের নেতৃত্বে এক প্রতিনিধিদল গত ১৭ই নভেম্বর পুলিশ ও বি, এস, এফ অত্যাচারিত বাসুদেবপুর ও সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করেন। তাঁরা পুলিশের গুলিতে নিহত অর্জুন সরকার ও এবাদত হোসেনের পরিবারবর্গের সাথে দেখা করেন এবং জনতার কাছ থেকে পুলিশ ও বি, এস, এফ বাহিনীর নির্মম অত্যাচারের কথা শোনেন। পরিশেষে জঙ্গিপুর মহকুমা শাসক ও জেলা শাসকের নিকট বিক্ষোভ জানান।

১ম পৃষ্ঠার পর [বন্‌ধের দিন বাসুদেবপুরে জনতার উপর পুলিশের গুলি চালনা]

কর্মী সংখ্যা কম দেখা যায়। রাস্তায় পুলিশ টহল দিচ্ছিল, কোথাও কোন উত্তেজনা পরিলক্ষিত হয়নি। বেলা ১১টা নাগাদ রঘুনাথগঞ্জ থানার সাহাজাদপুর বাজারে জনৈক রিক্সা চালকের চাকার পাম্প খোলা নিয়ে কংগ্রেস ও বামপন্থী সমর্থকদের মধ্যে প্রথমে বাক্‌বিতণ্ডা ও পরে মারামারি হয়। তারই পরিপ্রেক্ষিতে পুলিশ ৫৬ জন বামপন্থী সমর্থককে গ্রেপ্তার করে। পরে তাদের জামিনে মুক্তি দেওয়া হয়। রঘুনাথগঞ্জ শহরে পিকেটিং করতে গিয়ে সি, পি, এম-এর একজন কর্মী গ্রেপ্তার হয় এবং বন্‌ধের আগের দিন পাঁচজনকে পুলিশ গ্রেপ্তার করে। পরে প্রত্যেকে জামিনে মুক্তি পায়।

কয়েকটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া ফরাক্কা এবং ধুলিয়ানে বন্‌ধ শান্তিপূর্ণভাবে পালন করা হয়। অরঙ্গাবাদে বন্ধ দু'টি মিষ্টি এবং একটি চায়ের দোকান খুলবার জন্য কংগ্রেস কর্মীরা হামলা চালালে চায়ের দোকানের একজন কর্মচারী আহত হয় এবং মিষ্টির দোকান দু'টি ক্ষতিগ্রস্ত হয়। সাগরদীঘি থেকে আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, বন্‌ধের দিন জীবনযাত্রা সম্পূর্ণ স্বাভাবিক ছিল। দোকানপাট, বাজার, সরকারী অফিস খোলা ছিল। বন্‌ধের পরদিন মিঠিপুরে সি, পি, এম ও কংগ্রেস কর্মীদের মধ্যে এক সংঘর্ষে ৬ জন আহত হয়। তার মধ্যে একজনের আঘাত গুরুতর।

মুর্শিদাবাদের জেলা-শাসক শান্তিভঙ্গের আশংকায় ফরাক্কা, সুতী, সামসেরগঞ্জ এবং রঘুনাথগঞ্জ থানায় অনির্দ্দিষ্টকালের জন্য ১৪৪ ধারা জারী করেছেন।

খোকার জন্মের পর..

আমার শরীর একেবারে ভেঙ্গে প'ড়ল। একদিন ঘুম থেকে উঠে দেখলাম সারা বালিশ ভর্তি চুল। তাড়াতাড়ি ডাক্তার বাবুকে ডাকলাম। ডাক্তার বাবু আশ্বাস দিয়ে বল্লেন—"শারীরিক দুর্বলতার জন্য চুল ওঠে।" কিছুদিনের যত্নে যখন সেরে উঠলাম, দেখলাম চুল ওঠা বন্ধ হয়েছে। দিদিমা বল্লেন—"ঘাবড়াসনা, চুলের যত্ন নে,



দু'দিনেই দেখবি সুন্দর চুল গজিয়েছে।" রোজ দু'বার ক'রে চুল আঁচড়ানো আর নিয়মিত স্নানের আগে জবাকুসুম তেল মালিশ সুরু ক'রলাম। দু'দিনেই আমার চুলের সৌন্দর্য ফিরে এল'।

জবাকুসুম কেশ তৈল

সি. কে. সেন এণ্ড কোং প্রাঃ লিঃ
জবাকুসুম হাউস • কলিকাতা-১২

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত